SHAKTI
নারীর ক্ষমতায়নে শক্তি

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি(এম আর এ)
সনদ নং
০০১৭৬-০০০৫৯-০০০১৮

শক্তি বার্তা - বর্ষঃ ১৬, নভেম্বর, ২০২৩

# শক্তি বার্তা

## স্মার্ট বাংলাদেশের জন্য স্মার্ট এনার্জি বিষয়ক নীতি নির্ধারণী সংলাপ





২৯ নভেম্বর, ২০২৩ তারিখ বুধবার রাজধানীর গুলশানে লেকশোর হাইটস হোটেলে শক্তি ফাউন্ডেশন এবং সোলশেয়ার কর্তৃক আয়োজিত "স্মার্ট বাংলাদেশের জন্য স্মার্ট এনার্জি" বিষয়ক নীতি নির্ধারণী সংলাপের আয়োজন করা হয়। এই সংলাপ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর 'পরিবেশ ও জলবায়ু বিষয়ক বিশেষ দূত' জনাব সাবের হোসেন চৌধুরী এমপি; তিনি বলেন, এই উদ্ভাবনের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ দিক হলো উভমুখী সংযোগের মাধ্যমে অতিরিক্ত সৌর বিদ্যুৎ কিনতে পারা এবং সেই সাথে বিক্রি করতে পারা। আমি বিশ্বাস করি আমাদের মৌলিক নীতির ক্ষেত্রে পরিবর্তনের প্রয়োজনীয়তা কম বরং কিছু ক্ষেত্রে পরিমার্জনের প্রয়োজন রয়েছে। বিশেষ অতিথি, বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার. মিসেস সারাহ কুক বলেন, আমরা জাতীয় গ্রিডে সৌরকে একীভূত করার এই উদ্যোগকে বিশেষভাবে সমর্থন করেছি কারণ যত তাড়াতাড়ি নবায়নযোগ্য জ্বালানির পরিমাণ বাড়বে, ততই সাশ্রয়ী হবে এবং দ্রুত বাংলাদেশ জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে সক্ষম হবে, আমরা বিশ্বাস করি যে প্রকল্পটি ভোক্তাদের উপকারে এবং জীবাশ্ম জ্বালানীর ব্যবহার কমানোর ক্ষেত্রে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে। বিশেষ অতিথি, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি, ওয়াসিকা আয়েশা খান, এমপি বলেন, এই প্রকল্পটি গ্রামীণ জনগণের সুবিধার জন্য বিদ্যমান সম্পদ (সোলার হোম সিস্টেম এবং বৈদ্যুতিক থ্রি হুইলারের লিথিয়াম ব্যাটারি) ব্যবহার করছে এবং এদেরকে ক্ষুদ্র উদ্যোক্তা হিসেবে পরিণত করছে। এটি একটি চমৎকার উদ্যোগ এবং আমি এর পাশে আছি। শক্তি ফাউন্ডেশনের উপ নির্বাহী পরিচালক জনাব ইমরান আহমেদ বলেন শক্তি ফাউন্ডেশন প্রতিনিয়ত টেকসই আর্থ-সামাজিক উন্নয়নের জন্য সবুজ কর্মসংস্থান এবং উদ্যোক্তা তৈরির লক্ষ্যে কাজ করে চলেছ বিশেষ করে প্রান্তিক জনগোষ্ঠীর জন্য, আমরা এই প্রকল্পটি বাস্তবায়ন করতে পেরে অত্যন্ত গর্বিত কারণ এটি সোলার হোম সিস্টেম ব্যবহারকারীদের অপ্রয়োজনীয় বিদ্যুৎ অপচয় রোধ করেছে এবং তাদের জন্য আয়ের একটি অতিরিক্ত পথ তৈরি করে দিয়েছে। এই প্রকল্পটি বড় আকারে বাস্তবায়ন করা গেলে, ২০৪১ সালের মধ্যে মুজিব জলবায়ু সমৃদ্ধি পরিকল্পনায় (MCPP)নির্ধারিত পুনবীকিরণযোগ্য জ্বালানির পরিমাণ বৃদ্ধির ক্ষেত্রে আমাদের আরও এক ধাপ এগিয়ে নিয়ে যাবে।

## রাজশাহী অঞ্চলের কর্মী সম্মেলন



২৫ নভেম্বর ২০২৩ তারিখে রাজশাহীর বিএলসিতে দিনব্যাপী কর্মী সম্মেলন অনুষ্ঠিত হয়। উক্ত সম্মেলনে রাজশাহী রিজিওনের সকল মাইক্রোফাইন্যান্স অফিসার, সিনিয়র মাইক্রোফাইন্যান্স অফিসার, একাউন্টেন্ট, শাখা ব্যবস্থাপক, এরিয়া সুপারভাইজার, ফাইন্যান্স সুপারভাইজার, আইসিটি সাপোর্ট ইঞ্জিনিয়ার, রিজিয়ন হেড, জোনাল হেড, ডিভিশন হেড, মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম হেড, এইচআর, এ্যাডমিনিস্ট্রেশন, ফাইন্যান্স ডিপার্টমেন্ট হেডসহ প্রধান কার্যালয়ের অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। কর্মীদের সুযোগ সুবিধা, কর্মী ব্যবস্থাপনা, অর্থ ও হিসাব-ব্যবস্থাপনা এবং কর্মসূচির সম্প্রসারণ ও মান উন্নয়নের লক্ষ্যে সার্ভের মাধ্যমে গুনগত মানসম্পন্ন ঋণী সদস্য বৃদ্ধি, বকেয়া প্রতিরোধ, সঞ্চয় বৃদ্ধি বিষয়ে আলোচনা করা হয়। উক্ত সম্মেলনে শক্তি ফাউন্ডেশনের উপ নির্বাহী পরিচালক জনাব ইমরান আহমেদ বলেন, শক্তি এখন অত্যন্ত দ্রুত গতিতে সামনের দিকে এগিয়ে যাচ্ছে, কর্মীদের জন্য সুযোগ সুবিধা প্রতিনিয়তই বৃদ্ধি পাচ্ছে, সেই সাথে প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে দ্রুত, স্বচ্ছ এবং নির্ভরযোগ্য লেনদেন সম্ভব হচ্ছে। সংস্থার কাঙ্খিত লক্ষ্য অর্জনে দক্ষতা এবং সততার সাথে টিম আকারে কাজ করে শক্তিকে আরো সামনের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার বিষয়ে তিনি সকলকে আহবান জানান।

# নগর সবুজায়ন প্রকল্পের শুভ উদ্বোধন






নগর সবুজায়ন প্রকল্পের আওতায় শক্তি ফাউন্ডেশন এর বাস্তবায়নে ও বিশ্বের অন্যতম উন্নয়ন সহযোগী সংস্থা মেটলাইফ ফাউন্ডেশন এর যৌথ অর্থায়নে ঢাকার আর্মি স্টেডিয়ামের সামনে থেকে জাহাঙ্গীর গেট এবং বিজয় সরণির মোড় থেকে ফার্মগেট পর্যন্ত বিভিন্ন প্রজাতির প্রায় ১৭,০০০ শোভাবর্ধনশীল গাছ রোপণ করা হয়েছে এবং গ্রাফিতির মাধ্যমে সাজানো হয়েছে নান্দনিক সাজে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর তত্ত্বাবধায়নে এই প্রকল্পের আওতাধীন এলাকা আগামী ১ বছর রক্ষণাবেক্ষণ করবে শক্তি ফাউন্ডেশন। ১৮ই নভেম্বর, ২০২৩ তারিখ বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (BARC) এর অডিটোরিয়ামে আয়োজিত "নগর সবুজায়ন প্রকল্প" এর আনুষ্ঠানিক শুভ উদ্বোধন করেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর মাননীয় মেয়র জনাব মোঃ আতিকুল ইসলাম। তিনি নগর সবুজায়ন প্রকল্পের ভূয়সী প্রশংসা করেন। মেয়র তার বক্তব্যে বলেন, শক্তি ফাউন্ডেশন, মেটলাইফ ফাউন্ডেশন এর পাশাপাশি দেশের অন্য প্রাইভেট কর্পোরেট অফিস কে এই ধরনের মহৎ কার্যক্রমে এগিয়ে আসতে হবে যাতে ঢাকা শহরকে ভবিষ্যৎ প্রজন্মের জন্য বাসযোগ্য নগরীতে পরিনত করা যায়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইমপ্রেস টেলিফিল্ম লিমিটেড ও চ্যানেল আই'র প্রতিষ্ঠাতা পরিচালক ও বার্তাপ্রধান জনাব শাইখ সিরাজ। তিনি বলেন, নগর সবুজায়ন একটা চমৎকার উদ্যোগ। গাছ বাঁচলে, বাঁচবে পরিবেশ। তাই সবাই বেশি বেশি গাছ লাগান এবং এর পাশাপাশি তিনি ছাদ বাগানের উপর গুরুত্ব আরোপ করেন। মেটলাইফ বাংলাদেশ এর মুখ্য নির্বাহী কর্মকর্তা জনাব আলা আহমদ বলেন, বাংলাদেশে মেটলাইফের একটি দীর্ঘ ইতিহাস রয়েছে এবং মেটলাইফ ফাউন্ডেশনের অবদানের মাধ্যমে একটি সবুজ এবং স্বাস্থ্যকর পরিবেশ গড়ে তোলার জন্য এ উদ্যোগে অংশগ্রহণ করতে পেরে আমরা গর্বিত। শক্তি ফাউন্ডেশন এর উপ নির্বাহী পরিচালক জনাব ইমরান আহমেদ বলেন, সময়ের সাথে বাংলাদেশ একদিকে যেমন উন্নত হয়েছে, তেমনি বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের ফলে বিভিন্ন চ্যালেঞ্জ এর সম্মুখীন হচ্ছে। বায়ুদূষণে ঢাকা শহরের অবস্থান বিশ্বের ১ম সারির দিকেই। আমাদের সকলের প্রিয় ঢাকা শহরকে দূষণমুক্ত ও সুন্দর করে তোলার দায়িত্ব আমাদের সকলের এবং তাই শক্তি ফাউন্ডেশন ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, মেটলাইফ সহ বিভিন্ন সংস্থার সাথে একযোগে কাজ করে যাচ্ছে। উক্ত অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মো: সেলিম রেজাসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ এবং সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর। এছাড়াও দেশীবিদেশী বিভিন্ন সংস্থার উচ্চ পদস্থ কর্মকর্তাগণও উপস্থিত ছিলেন। নগর সবুজায়ন প্রকল্প আগামী প্রজন্মের জন্য সুন্দর ও পরিবেশবান্ধব ঢাকা নগরী গড়ে তুলতে সহায়তা করবে বলে সকলেই আশাবাদ ব্যক্ত করেন।

## আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিবাদ দিবস উদযাপন




২৫ নভেম্বর, ২০২৩ পালিত হলো আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিবাদ দিবস। কেন্দ্রীয় শহীদ মিনারে শক্তি ফাউন্ডেশন, ৪৭ টি নেটওয়ার্ক সংস্থার সঙ্গে যুক্ত হয়ে দিবসটি উদযাপন করে। সংস্থার প্রধান কার্যালয়সহ বিভিন্ন শাখার ৬৫ জন কর্মী এতে অংশগ্রহণ করেন।

## শক্তি ফাউন্ডেশন এর উদ্যোগে চক্ষু ক্যাম্প



শক্তি ফাউন্ডেশন কর্তৃক ২৭ নভেম্বর, ২০২৩ তারিখ ঢাকাস্থ প্রাইম ব্যাংক আই হসপিটাল এর সহযোগিতায় সমৃদ্ধি কর্মসূচির মজিদপুর ইউনিয়নের মৌটুপী সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে দিনব্যাপী একটি বিশেষ চক্ষু ক্যাম্পের আয়োজন করা হয়। উক্ত চক্ষু ক্যাম্পের মাধ্যমে ৩৩২ জনকে আই স্ক্রিনিং সহ চিকিৎসাসেবা প্রদান করা হয়। এদের মধ্যে ১০৮ জন ছানি রোগী সনাক্ত করে পরবর্তী সুস্থতা যাচাই সাপেক্ষে ৬২ জনকে ঢাকায় এনে প্রাইম ব্যাংক আই হসপিটালের মাধ্যমে ছানি অপারেশন করানো হয়।

## দক্ষতা উন্নয়নে ট্রেনিং




ট্রেনিং ডির্পাটমেন্টের নিয়মিত কার্যক্রমের আওতায় নভেম্বর ২০২৩ মাসে বগুড়া, যশোর ও কুমিল্লার গৌরীপুরে অবস্থিত ট্রেনিং সেন্টারে ৩ টি ব্যাচে ৬৪ জন নতুন নিয়োগ প্রত্যাশি ট্রেইনি অফিসারদের (মাইক্রোফাইনান্স) প্রি-সার্ভিস ট্রেনিং এর পাশাপাশি ৩টি ব্যাচে ৫৯ জনের চূড়ান্ত মূল্যায়ন অনুষ্ঠিত হয়। যশোর ট্রেনিং সেন্টারে ১টি ব্যাচে ১৮ জন নতুন একাউন্টেন্ট এর প্রি-সার্ভিস ট্রেনিং অনুষ্ঠিত হয়। এছাড়া মাইক্রোফাইন্যান্স অফিসার এবং শাখা ব্যবস্থাপকদের অংশগ্রহণে মোট ৪টি ব্যাচে ৭৯ জনকে রিফ্রের্শাস ট্রেনিং প্রদান করা হয়। শক্তি ট্রেনিং এন্ড রির্সাচ সেন্টার সাভারে ২৬ জন শাখা ব্যবস্থাপকদের অংশগ্রহণে এরিয়া সুপারভাইজার পদের জন্য প্রিপারেশন কোর্স এর অংশ হিসেবে প্রি-স্ক্রিনিং অনুষ্ঠিত হয়।

## শক্তি ফাউন্ডেশন এর পক্ষ থেকে মেধাবী শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদান






শক্তি ফাউন্ডেশনের মাইক্রোফাইন্যান্স কর্মসূচি ও সমৃদ্ধি কর্মসূচির সদস্যদের মেধাবী সন্তানদের মাঝে নভেম্বর ২০২৩ মাসে একাদশ শ্রেণীতে ৮৩ জন মেয়ে শিক্ষার্থী এবং ২৮ জন ছেলে শিক্ষার্থী সহ মোট ১১১ জন শিক্ষাথীদের মাঝে ১৩,৩২,০০০/-টাকার শিক্ষাবৃত্তির চেক প্রদান করা হয়। ২৬ শে নভেম্বর, ২০২৩ তারিখ চট্টগ্রাম রিজিওন অফিসে অনুষ্ঠিত শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট এনজিও সেল, জনাব মো: জসিম উদ্দিন, জেলা প্রশাসক এর কার্যালয়, চট্টগ্রাম এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনজিও ফোরাম চট্টগ্রামের জনাব মোহাম্মদ আলী। ২৭ নভেম্বর ২০২৩ তারিখ টাঙ্গাইল রিজিওন অফিসে অনুষ্ঠিত শিক্ষাবৃত্তির অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব সোহেল রানা, অতিরিক্ত জেলা প্রশাসক, উন্নয়ন ও মানব সম্পদ টাঙ্গাইল এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব জান্নাতুল বিনতে আজিজ, সহকারী কমিশনার এনজিও বিষয়ক শাখা। এছাড়াও বঙ্গবন্ধু উচ্চ শিক্ষাবৃত্তির আওতায় ৭ জনকে শিক্ষাবৃত্তি প্রদান করা হয়।

## ফ্রি মেডিকেল ক্যাম্পের আয়োজন




২৫ নভেম্বর, ২০২৩ তারিখে গোপালগঞ্জ কাশিয়ানী শাখার কর্ম এলাকায় একটি ফ্রি মেডিকেল ক্যাম্পের আয়োজন করা হয়। কাশিয়ানী গোপালগঞ্জ এর ইউএনও জনাব মেহেদী হাসান উক্ত মেডিকেল ক্যাম্পটি পরিদর্শন করেন এবং শক্তি ফাউন্ডেশনের কার্যক্রমের প্রশংসা করেন। এছাড়াও নভেম্বর মাসে ব্রাহ্মণবাড়িয়ার জীবনগঞ্জ শাখা, দাউদকান্দির গোয়ালমারী বাজার শাখা, মুরাদনগরের বাখরাবাদ শাখা, শাহরাস্তির চিতোষী শাখা,কচুয়ার রহিমানগর শাখা, রায়পুরের রাখালিয়া শাখা, চাটখিলের দশঘরিয়া শাখা এবং রাউজানের নোয়াপাড়া শাখাসহ মোট ৮টি নতুন শাখার ঋণ বিতরণ কার্যক্রম উদ্বোধন উপলক্ষে শক্তি হেলথ প্রোগ্রামের উদ্যোগে ৮টি ফ্রি মেডিকেল ক্যাম্পের আয়োজন করা হয়। উক্ত মেডিকেল ক্যাম্পে অভিজ্ঞ ডাক্তার দ্বারা এলাকার জনগণকে ফ্রি চিকিৎসা সেবাসহ বিনামূল্যে ওষুধ বিতরণ করা হয়।

শক্তি বার্তা

# ঢাকা ফ্লো ইয়োগা এন্ড ওয়েলনেস ফেস্টিভ্যালে শক্তি ফাউন্ডেশন







১০ ও ১১ নভেম্বর, ২০২৩ দুইদিন ব্যাপী গুলশান সোসাইটি লেক পার্কে আয়োজিত ঢাকা ফ্লো ইয়োগা এন্ড ওয়েলনেস ফেস্টিভ্যালে অংশগ্রহণ করে শক্তি ফাউন্ডেশন। এই ফেস্টিভ্যালের মূল প্রতিপাদ্য বিষয় ছিল স্বাস্থ্যকর, সুন্দর এবং সর্বোপরি সুখী জীবন যাপনে জনগণকে উদ্বুদ্ধ করা। বায়ু দূষণ সচেতনতামূলক প্রচাররের জন্য ফেস্টিভ্যালের প্রথম দিন শক্তি ফাউন্ডেশন বায়ুদূষণ এবং আগামীর ভাবনা নিয়ে "ব্রেথ ফ্রি" আলোচনা সভায় অংশগ্রহণ করে। নভেম্বর মাস ফুসফুসের ক্যান্সার সচেতনতা মাস, আর এই মাসকে কেন্দ্র করে বায়ুদূষণের প্রভাব জনগণ এর মাঝে সরাসরি চোখের সামনে তুলে ধরতে কৃত্তিম ফুসফুস সম্বলিত একটি বিলবোর্ড “সেভ ইওর ব্রেথ - শক্তি ফর ক্লিন এয়ার“ প্রদর্শন করা হয়। এছাড়াও ফেস্টিভ্যালে শক্তি ফাউন্ডেশন কর্তৃক সদস্যদের তৈরী  পরিবেশ বান্ধব পণ্য প্রদর্শন ও বিক্রয় করা হয়। শক্তি ফাউন্ডেশন এর স্টলটি পরিদর্শন করেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর মাননীয় মেয়র জনাব মো: আতিকুল ইসলাম এবং ঢাকা মার্কিন দূতাবাসের রাষ্ট্রদূত পিটার হাস, গুলশান সোসাইটির কার্যনির্বাহী কমিটির মহাসচিব ব্যারিস্টার সারওয়াত সিরাজ শুক্লা, চিফ হিট অফিসার বুশরা আফরিন এবং নেমেসিস ব্যান্ডের রকস্টার ও মিউজিশিয়ান জোহাদ রেজা চৌধুরী। সকলে শক্তি ফাউন্ডেশনের কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেন এবং এ ধরণের উদ্যোগে সার্বিক সহযোগিতার বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন।

## এক নজরে শক্তি (নভেম্বর ৩০, ২০২৩)

| মাইক্রোফাইন্যান্স শাখা | বিভাগ | জেলা | থানা | ইউনিয়ন |
|---|---|---|---|---|
| ৫১৮ টি | ৮ টি | ৫৫ টি | ৩৬৮ টি | ২,১৩৪ টি |

**সদস্য সংখ্যা**
৪৩৫,৪০৬ জন

**ঋণী**
৩৪৩,৫০৫ জন

**সঞ্চয় স্থিতি**
৮৩৪.০৮ কোটি টাকা

ঋণ বিতরণ (ক্রমাগত)
১৮,৩০৯.৮০ কোটি টাকা

ঋণ স্থিতি
২,৫৪২.৫০ কোটি টাকা

**ঋণ আদায়ের হার (চলতি)**
৯৫.১৫ %

প্রধান কার্যালয়
শক্তি ভবন, বাড়ি নং-০৪,
রোড নং-০১, ব্লক-এ, সেকশন-১১
মিরপুর,পল্লবী,ঢাকা - ১২১৬

+৮৮ ০৯৬১৩-৪৪৪১১১
+৮৮ ০২-৫৮০৫২০৩১
+৮৮ ০১৮১৯৮৫০১৪৮

shakti.org.bd
/SFDWbd
/company/sfdwbd